

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০১৪.০০.০০.০০৫.২০১৬-৫৫৮


তারিখঃ ২৬ বৈশাখ, ১৪২৩  
০৯ মে, ২০১৬

বিষয় : Upazila Governance and Development Project (UGDP) প্রকল্পের বিভাগীয় পর্যায়ে  
ওরিয়েন্টেশন সেমিনারের আয়োজন প্রসঙ্গে।

সূত্র : JICA(TE)037/2016; তারিখঃ ০৩/০৩/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন Upazila Governance and Development Project (UGDP) প্রকল্পটি গত ০১/০৩/২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য, কার্যক্রম, ফলাফল এবং সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে ওরিয়েন্টেশন সেমিনার অনুষ্ঠান করা প্রয়োজন। উক্ত অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকার ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। বর্ণিত সেমিনারের যাবতীয় ব্যয় জাইকা- Special Assistant for Project Implementation (SAPI) টিমের বাজেট হতে বহন করা হবে। এতদ্বিষয়ে খসড়া প্লান ও বাজেট প্রাক্কলন এসাথে প্রেরণ করা হলো। JICA'র কনসালট্যান্ট জনাব আজিজুর রহমান সিদ্দিকী (ফোন-০১৭১৫০২৫৫৭৫) এ বিষয়ে সহায়তা প্রদান করবেন।।

এমতাবস্থায়, আগামী ১৪/০৫/২০১৬ তারিখে চট্টগ্রাম বিভাগীয় পর্যায়ে (পার্বত্য জেলাসমূহ ব্যতীত) ওরিয়েন্টেশন সেমিনারের আয়োজন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail :

lgd.upazila2@gmail.com

বিভাগীয় কমিশনার  
চট্টগ্রাম।

অনুলিপি

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। সিনিয়র রিজেস্ট্রার, জাইকা বাংলাদেশ অফিস, গুলশান-১, ঢাকা।
- ৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।